কালের কণ্ঠ

তারিখ: 26 SEP 2017
পৃষ্ঠা: ৭ কলাম: ৩

রাষ্ট্রপতি বললেন

# বিশ্ববিদ্যালয়ে বাড়াতে হবে গবেষণা

**কালের কণ্ঠ ডেস্ক ▷**

বিশ্বের খ্যাতিমান শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর অনুসরণে গবেষণাকর্মে অগ্রাধিকার দিতে বিশ্ববিদ্যালয়গুলোর কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এম আবদুস সোবহানের নেতৃত্বে প্রতিষ্ঠানটির একটি প্রতিনিধিদল গতকাল সোমবার বঙ্গভনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান।

রাষ্ট্রপতি বলেন, বিশ্বের খ্যাতিমান বিশ্ববিদ্যালয়গুলোর অনুসরণে গবেষণা কর্মকাণ্ডে অগ্রাধিকার দিতেই হবে। শিক্ষাপ্রতিষ্ঠানে গবেষণা কর্মকাণ্ডে বরাদ্দ বাড়ানোর ওপরও গুরুত্বারোপ করেন তিনি।

রাষ্ট্রপতি ও দেশের সব বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আবদুল হামিদ ক্যাম্পাসে নিয়মিত শিক্ষা কার্যক্রমের পাশাপাশি খেলাধুলাসহ শিক্ষা সহায়ক কর্মকাণ্ডের প্রয়োজনীয়তারও উল্লেখ করেন। তিনি বলেন, শিক্ষা বিস্তার ও আদর্শ শিক্ষা অর্জনে শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে সুসম্পর্ক এবং শিক্ষাপ্রতিষ্ঠানে সৌহার্দ্যপূর্ণ পরিবেশ খুবই প্রয়োজন।

উপাচার্য তাঁর প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ন ও শিক্ষা কর্মকাণ্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করলে তিনি (রাষ্ট্রপতি) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন। প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয়টির পরবর্তী সমাবর্তনে রাষ্ট্রপতির উপস্থিতির আমন্ত্রণ জানান। সূত্র : বাসস।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............
তারিখ...............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে

স্বাক্ষর